# ৪৬তম বিসিএস

## প্রিলি ফুল কোর্স

### বাংলাদেশ বিষয়াবলি

লেকচার: ০৮

টপিক:

**বাংলাদেশের সরকার ব্যবস্থা:** আইন, শাসন ও বিচার বিভাগসমূহ, আইন প্রণয়ন, নীতি নির্ধারণ, জাতীয় ও স্থানীয় পর্যায়ের প্রশাসনিক ব্যবস্থাপনা কাঠামো, প্রশাসনিক পুনর্বিন্যাস ও সংস্কার।



উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি
09666775566
www.uttoron.academy

# বাংলাদেশ সরকার

## সরকার

### আইন বিভাগ
নির্বাচিত জনপ্রতিনিধিদের দ্বারা আইন প্রণয়ন করা।

### শাসন/ নির্বাহী বিভাগ
দেশের আইন কার্যকর করে এবং সরকারের বিভিন্ন নীতি প্রণয়ন ও বাস্তবায়ন করে।


#### রাজনৈতিক অংশ
রাষ্ট্রপ্রধান, সরকার প্রধান, অ্যাটর্নি জেনারেল, মন্ত্রিসভার সদস্যগণ, রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর উপদেষ্টাগণ


রাষ্ট্রের শাসন নীতি নির্ধারণ করেন (Policy Maker)

#### অরাজনৈতিক অংশ
আমলা / সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ


রাষ্ট্রের শাসননীতি ও আইন বলবৎকরণ করেন (Policy Executor)


### বিচার বিভাগ
অপরাধীকে আইন প্রয়োগের মাধ্যমে যথাযথ শাস্তি প্রদান, সংবিধানের ব্যাখ্যা দেওয়া ইত্যাদি কাজ করে।


BNP
(AL)
মন্ত্রী
MP
আমলা
D.M
নীতি
আইন
সংসদ
বাস্তবায়ন
Step
Manpower
fixed



MP
5 Y
2024
3 Years
2 Years
Warrent of Prsidence
PM
DC
DC/SP
24/25
President
PSC
CE


Army


৩০০ + ৫০ = ৩৫০
president
PM

# বাংলাদেশ সরকার

| সরকারের বিভাগ | বিভাগের পরিচয় | বিভাগের কাজ |
|---|---|---|
| আইন বিভাগ (Legislative) [সংসদ] | ➢ স্পিকারের অধীন।<br>➢ **কেন্দ্রস্থল:** জাতীয় সংসদ/আইসভা।<br>➢ মন্ত্রিপরিষদ শাসিত সরকার দায়ী থাকে – আইনসভার নিকট। | ➢ আইন প্রণয়ন, সংশোধন, পরিমার্জন, ও পরিবর্ধন করে।<br>➢ সংসদীয় সরকার ব্যবস্থায় শাসন বিভাগকে নিয়ন্ত্রণ করে। |
| শাসন/নির্বাহী বিভাগ (Executive) [মন্ত্রণালয় ও সচিবালয়] | ➢ নির্বাহী ব্যবস্থা গৃহীত হয় – রাষ্ট্রপতির নামে।<br>➢ নির্বাহী ক্ষমতা প্রযুক্ত হয় – প্রধানমন্ত্রীর কর্তৃত্বে।<br>➢ মন্ত্রিপরিষদ ও সচিবালয় নিয়ে গঠিত। | ➢ আইন প্রয়োগ করে।<br>➢ অভ্যন্তরীণ শাসন পরিচালনা করে।<br>➢ পররাষ্ট্রনীতি বাস্তবায়ন করে। |
| বিচার বিভাগ (Judicial) [সুপ্রিম কোর্ট] | ➢ অধীন – প্রধান বিচারপতির।<br>➢ সংবিধানের রক্ষক ও অভিভাবক হল – বিচার বিভাগ বা সুপ্রিম কোর্ট।<br>➢ গণতন্ত্রের রক্ষাকবচ – বিচার বিভাগের স্বাধীনতা। | ➢ বিচার কাজ পরিচালনা ও আইন ভঙ্গকারীর শাস্তি বিধান করা।<br>➢ সংবিধানের ব্যাখ্যা প্রদান, ব্যক্তি স্বাধীনতা ও মানবাধিকার সংরক্ষণ করে। |

## ❑ বাংলাদেশের রাষ্ট্রপতিবৃন্দ

| | | |
|---|---|---|
| ১ম রাষ্ট্রপতি<br><br>বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান<br>১ম মেয়াদ: ১৭ এপ্রিল, ১৯৭১ - ১২ জানু., ১৯৭২;<br>২য় মেয়াদ: ২৫ জানু., ১৯৭৫ - ১৫ আগস্ট, ১৯৭৫ | <br>সৈয়দ নজরুল ইসলাম (ভারপ্রাপ্ত)<br>মেয়াদ: ১৭ এপ্রিল, ১৯৭১ -<br>১০ জানুয়ারি, ১৯৭২ | ১ম সাংবিধানিক রাষ্ট্রপতি<br><br>বিচারপতি আবু সাঈদ চৌধুরী<br>মেয়াদ: ১২ জানুয়ারি, ১৯৭২ -<br>২৪ ডিসেম্বর, ১৯৭৩ |
| ১৯তম<br><br>মোঃ জিল্লুর রহমান<br>মেয়াদ: ১২ ফেব্রুয়ারি, ২০০৯ -<br>২০ মার্চ, ২০১৩ | ২০তম<br><br>অ্যাডভোকেট মোঃ আবদুল হামিদ<br>১ম মেয়াদ: ২৪ এপ্রিল, ২০১৩ - ২৪ এপ্রিল, ২০১৮<br>২য় মেয়াদ: ২৪ এপ্রিল, ২০১৮ -২৪ এপ্রিল, ২০২৩ | ২১তম<br><br>মোহাম্মদ সাহাবুদ্দিন<br>মেয়াদ: ২৪ এপ্রিল ২০২৩ - বর্তমান |

# প্রধানমন্ত্রী


বাংলাদেশের সংসদীয় সরকার ব্যবস্থায় প্রধানমন্ত্রী সরকার প্রধান। তাঁকে কেন্দ্র করেই বাংলাদেশের শাসন ব্যবস্থা পরিচালিত হয়। বাংলাদেশের নির্বাহী বিভাগের প্রকৃত শাসক (Real Executive) হলেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রীকে কেন্দ্র করেই মন্ত্রিসভা গঠিত হবে ও পরিচালিত হবে, ক্ষমতায় টিকে থাকবে এবং ক্ষমতা থেকে বিতাড়িত হবে। এজন্য প্রধানমন্ত্রীকে 'ক্যাবিনেট তোরণের প্রধান স্তম্ভ' (Keystone of the Cabinet arch) বলা হয়।

## ❑ প্রধানমন্ত্রী পদাধিকারবলে (Ex-officio) প্রধান

- ✓ জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (ECNEC) ও জাতীয় অর্থনৈতিক পরিষদ (NEC)
- ✓ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA) ও বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ কর্তৃপক্ষ (BEPZA)
- ✓ প্রশাসনিক পুনর্গঠন সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (NICAR)
- ✓ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA)
- ✓ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা উপদেষ্টা কমিটি
- ✓ ন্যাশনাল ট্যুরিজম কাউন্সিল/ জাতীয় পর্যটন পরিষদ
- ✓ রপ্তানি সংক্রান্ত জাতীয় কমিটি
- ✓ জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ

# প্রধানমন্ত্রী

## ❑ বাংলাদেশের প্রধানমন্ত্রীবৃন্দ

| ১ম প্রধানমন্ত্রী | ১ম সাংবিধানিক | ১০ম ও ১২তম | ১১তম, ১৩তম, ১৪তম, ১৫তম |
|---|---|---|---|
|  |  |  |  |
| তাজউদ্দিন আহমদ | শেখ মুজিবুর রহমান | বেগম খালেদা জিয়া | শেখ হাসিনা |

# প্রধানমন্ত্রী

## ❑ মন্ত্রিসভা ও মন্ত্রিপরিষদ

মন্ত্রিসভা (Cabinet) এবং মন্ত্রিপরিষদের (Council of Ministers) মধ্যে পার্থক্য রয়েছে। মন্ত্রিপরিষদের সকল সদস্য মন্ত্রিসভা বা ক্যাবিনেটের সদস্য নয়। মন্ত্রিপরিষদের মধ্য থেকে গুরুত্বপূর্ণ মন্ত্রীবর্গের সমন্বয়ে ক্যাবিনেট গঠিত হয়। বাংলাদেশের সংবিধানেও মন্ত্রিপরিষদ ও ক্যাবিনেটের মধ্যে পার্থক্য করা হয়েছে।

বাংলাদেশে মন্ত্রণালয়ের সংখ্যা মোট ৪৪টি যার মধ্যে ৪০টির নামের শেষে মন্ত্রণালয়, ২টির নামে কার্যালয় ও ২টির নামে বিভাগ প্রত্যয় সংযুক্ত।

*** মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ হালনাগাদকৃত তথ্য অনুসারে: বর্তমানে প্রধানমন্ত্রীসহ ২৪ জন মন্ত্রী, ১৮ জন প্রতিমন্ত্রী ও ৩ জন উপমন্ত্রী আছেন।

# শাসন বিভাগ

➢ নারী মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী: ০৫ জন।

| নারী মন্ত্রীর নাম | মন্ত্রণালয় ও বিভাগ |
|---|---|
| ১। শেখ হাসিনা (মাননীয় প্রধানমন্ত্রী) | ৫টি। যথা: মন্ত্রিপরিষদ বিভাগ; সশস্ত্র বাহিনী বিভাগ; প্রতিরক্ষা মন্ত্রণালয়; জনপ্রশাসন মন্ত্রণালয়; বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় (২টি বিভাগ ও ৩টি মন্ত্রণালয়)। |
| ২। ডা. দীপু মনি | শিক্ষামন্ত্রী। |
| ৩। বেগম মন্নুজান সুফিয়ান | শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী। |
| ৪। বেগম ফজিলাতুন নেসা | মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী। |
| ৫। বেগম হাবিবুন নাহার | পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন উপমন্ত্রী। |

# POLL QUESTION-01

➲ **বাংলাদেশের প্রতিরক্ষা মন্ত্রী কে?**

(a) আসাদুজ্জামান খান কামাল


(b) শেখ হাসিনা

(c) ড. এ. কে. আব্দুল মোমেন


(d) বেগম মন্নুজান সুফিয়ান


# বাংলাদেশের প্রশাসনিক কাঠামো

| | |
|---|---|
| রাষ্ট্রপতি | রাষ্ট্রপ্রধান |
| প্রধানমন্ত্রী | সরকার প্রধান |
| মন্ত্রিপরিষদ | মন্ত্রিগণ |
| সচিবালয় | মন্ত্রণালয়গুলোর প্রশাসনিক কেন্দ্রস্থল |
| মন্ত্রণালয় | মন্ত্রী-নির্বাহী প্রধান<br>সচিব-প্রশাসনিক প্রধান |
| বিভাগ/দপ্তর | মন্ত্রণালয়ের অধীন |
| উপ-বিভাগ | বিভাগের অধীন |





Admin
Force
OSD
UNO
20
DC
fit list


De
De
20/25
30
7/8
10
2/3
4
ADE
ADE - Rev
ADE - Edu
ADM
AC Land


4*
3*
2*
1*
8* IHP

# স্থানীয় প্রশাসন


বাংলাদেশের প্রশাসন
কেন্দ্রীয় প্রশাসন
সচিবালয়
মন্ত্রণালয়
অধিদপ্তর
পরিদপ্তর
মাঠ প্রশাসন
বিভাগীয় প্রশাসন
জেলা প্রশাসন
উপজেলা প্রশাসন


IGP(P)
MP

# কেন্দ্রীয় প্রশাসন

## ❑ সচিবালয়

সচিবালয় হচ্ছে বাংলাদেশের প্রশাসনের কেন্দ্রবিন্দু। সচিবালয় গঠিত হয় কয়েকটি মন্ত্রণালয়ের সমন্বয়ে। সচিবালয় সরকারের কর্মসূচি, নীতি ও পরিকল্পনা প্রণয়ন, প্রকল্প বাস্তবায়ন ও মূল্যায়ন করে থাকে। সচিবালয় এর সংখ্যা হচ্ছে ৫টি–

(১) বাংলাদেশ সচিবালয় (প্রধান সচিবালয়)

(২) নির্বাচন কমিশন সচিবালয়

(৩) মন্ত্রিপরিষদ সচিবালয়

(৪) সরকারি কর্ম কমিশন সচিবালয়

(৫) জাতীয় সংসদ সচিবালয়

# বাংলাদেশের কেন্দ্রীয় প্রশাসন

❑ **বাংলাদেশের কেন্দ্রীয় প্রশাসনের পদসোপান:**


মন্ত্রী (Minister)
↓
প্রতিমন্ত্রী (State Minister)
↓
উপমন্ত্রী (Deputy Minister)
↓
সচিব (Secretary)
↓
অতিরিক্ত সচিব (Additional Secretary)
↓
যুগ্মসচিব (Joint Secretary)
↓
উপসচিব (Deputy Secretary)
↓
সিনিয়র সহকারী সচিব (Senior Assistant Secretary)
↓
সহকারী সচিব (Assistant Secretary)


# মাঠ প্রশাসন বা স্থানীয় প্রশাসন

## ❑ মাঠ প্রশাসনের পদসোপান:


বিভাগীয় কমিশনার
↑
অতিরিক্ত বিভাগীয় কমিশনার
↑
জেলা প্রশাসক
↑
অতিরিক্ত জেলা প্রশাসক
↑
সিনিয়র সহকারী কমিশনার
↑
সহকারী কমিশনার


# মাঠ প্রশাসন/স্থানীয় প্রশাসন






Smin
800
UNO
DC
Div. Com
income
De jit list
Cadre
fee → 100
income


UNO
CFO
City
Joint Secret



Member-Union
Vary
Rul
Van


২৭

# মাঠ প্রশাসন/স্থানীয় প্রশাসন

## ❑ প্রশাসনিক পুনর্বিন্যাস ও সংস্কার

<table>
<tr><td rowspan="3">NICAR</td><td colspan="2">পূর্ণরূপ: National Implementation Committee for Administrative Reforms.<br>প্রশাসনিক পুনর্গঠন সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি, প্রতিষ্ঠা লাভ ১৯৮২ সাল।<br>বর্তমান কমিটির আহ্বায়ক: প্রধানমন্ত্রী শেখ হাসিনা।</td></tr>
<tr><td rowspan="2">কাজ:</td><td>• নতুন বিভাগ, জেলা, সিটি কর্পোরেশন, উপজেলা, থানা ও পৌরসভা গঠন/স্থাপনের প্রস্তাব বিবেচনা।</td></tr>
<tr><td>• বিভাগ, জেলা, সিটি কর্পোরেশন, উপজেলা থানা ও পৌরসভার সীমানা পুনর্নির্ধারণ সংক্রান্ত প্রস্তাব বিবেচনা।</td></tr>
<tr><td>NILG</td><td colspan="2">পূর্ণরূপ: National Institute of Local Government.<br>জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, হুমায়ূন রোড, ঢাকায় ১ জুলাই, ১৯৬৯ সালে প্রতিষ্ঠা লাভ করে।<br>অধীন: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের।<br>প্রধান: মহাপরিচালক।<br>লক্ষ্য: বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থায় সম্পৃক্ত মানব সম্পদের উন্নয়ন।</td></tr>
</table>

# POLL QUESTION-02

➲ LGRD মন্ত্রণালয়ের অধীনে জেলা পরিষদের সংখ্যা কতটি?

(a) ৬৪

(b) ৪

(c) ৩

(d) ৬১

## ❑ সংসদ সদস্য হওয়ার যোগ্যতা ও অযোগ্যতা (অনুচ্ছেদ ৬৬)

| | |
|---|---|
| **যোগ্যতা:** | ক) বাংলাদেশের নাগরিক হতে হবে; খ) তার বয়স পঁচিশ বছর পূর্ণ হতে হবে। |
| **অযোগ্যতা:** | (ক) আদালত যদি তাকে অপ্রকৃতিস্থ ঘোষণা করেন;<br>(খ) যদি তিনি দেউলিয়া ঘোষিত হন;<br>(গ) তিনি কোনো বিদেশি রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করেন কিংবা কোনো বিদেশি রাষ্ট্রের প্রতি আনুগত্য ঘোষণা বা স্বীকার করেন;<br>(ঘ) তিনি নৈতিক স্খলনজনিত কোনো ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হয়ে অন্যূন দুই বছর কারাদণ্ডে দণ্ডিত হন এবং তার মুক্তিলাভের পর পাঁচ বছর অতিবাহিত না হয়;<br>(ঙ) তিনি ১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজশকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশের অধীন কোনো অপরাধের জন্য দণ্ডিত হন। যেমন: যুদ্ধাপরাধ।<br>(চ) তিনি যদি প্রজাতন্ত্রের কোনো লাভজনক পদে নিযুক্ত থাকেন। |

## ❑ ন্যায়পাল (অনুচ্ছেদ ৭৭)

- ✓ বাংলাদেশে ১৯৭২ সালে মূল সংবিধানে ৭৭ অনুচ্ছেদে ন্যায়পাল পদ সৃষ্টির জন্য আইন প্রণয়নের বিধান রাখা হয়।
- ✓ আইন অনুযায়ী ন্যায়পালের কার্যকালের মেয়াদ হবে **৩ বছর**; তার পদমর্যাদা হবে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারপতির ন্যায়।
- ✓ কোনো মন্ত্রণালয় বা সরকারি কাজে যদি কোনো অন্যায় ও অনিয়ম সংঘটিত হয় তবে ন্যায়পাল তার তদন্ত করতে পারবে।
- ✓ Ombudsman বা ন্যায়পাল ধারণাটি সর্বপ্রথম সুইডেনে উদ্ভাবিত হয়।

# আইন বিভাগ

## সংসদের কার্য-প্রণালি বিধি:

- কার্যপ্রণালি বিধি গৃহীত হয় ১৯৭৪ সালের ২২ জুলাই।
- সংবিধানের ৭৫(১)(ক) অনুচ্ছেদ অনুসারে কার্যপ্রণালী বিধি প্রণীত হয়েছে।

## সংসদের স্থায়ী কমিটিসমূহ:


- সংসদীয় স্থায়ী কমিটি গঠনের কথা বলা হয়েছে ৭৬নং অনুচ্ছেদে।
- স্থায়ী কমিটির ধরন ৩টি এবং মোট কমিটি রয়েছে ৫০টি।
- এর মধ্যে সংসদীয় কমিটি ১১টি ও মন্ত্রণালয় সম্পর্কিত কমিটি ৩৯টি।
- প্রতিটি স্থায়ী কমিটিতে সদস্য সংখ্যা থাকেন ১০জন।

## সংসদ সচিবালয়:

- সংবিধানের ৭৯নং অনুচ্ছেদ অনুযায়ী, সংসদের নিজস্ব সচিবালয় থাকবে।
- সংসদ সচিবালয়ের প্রধান ও প্রশাসনিক দায়িত্বে আছেন স্পিকার।

# আইন বিভাগ

❑ আইন প্রণয়ন পদ্ধতি (অনুচ্ছেদ ৮০)





আইন প্রণয়ন পদ্ধতি

# আইন বিভাগ

| | |
|---|---|
| গণপরিষদের প্রথম স্পিকার | শাহ আব্দুল হামিদ |
| গণপরিষদের প্রথম ডেপুটি স্পিকার | মোহাম্মদ উল্লাহ্ |
| সংসদের প্রথম স্পিকার | মোহাম্মদ উল্লাহ্ |
| সংসদের প্রথম ডেপুটি স্পিকার | মোহাম্মদ বায়তুল্লাহ্ |
| প্রথম নারী স্পিকার | ড. শিরিন শারমিন চৌধুরী |

# বাংলাদেশের বিচার বিভাগ



# বাংলাদেশের বিচার বিভাগ

## ❑ সুপ্রিম কোর্ট (অনুচ্ছেদ ৯৪)

সুপ্রিম কোর্ট বাংলাদেশের সর্বোচ্চ আদালত। বাংলাদেশ সংবিধানের ৯৪ অনুচ্ছেদে বলা হয়েছে "সুপ্রীম কোর্ট নামে বাংলাদেশের একটি সর্বোচ্চ আদালত থাকবে এবং আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ নিয়ে তা গঠিত হবে"। সংবিধানের ৯৪ অনুচ্ছেদ অনুযায়ী, প্রধান বিচারপতি ও অন্যান্য বিচারকদের নিয়ে সুপ্রিম কোর্ট গঠিত হয়।

## ❑ সুপ্রিম কোর্টের বিচারক পদের জন্য যোগ্যতা (অনুচ্ছেদ ৯৫)

- ✓ বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ✓ সুপ্রিম কোর্টে অন্যূন দশ বছর অ্যাডভোকেট থাকতে হবে। অথবা,
- ✓ বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানার মধ্যে অন্যূন দশ বছর কোনো বিচার বিভাগীয় পদে অধিষ্ঠিত থাকতে হবে। অথবা, সুপ্রিম কোর্টের বিচারক পদে নিয়োগ লাভের জন্য আইনের দ্বারা নির্ধারিত যোগ্যতা থাকতে হবে।

➢ সংবিধানের ৯৬ অনুচ্ছেদ অনুযায়ী, কোনো বিচারক ৬৭ বছর বয়স পূর্ণ হওয়া পর্যন্ত স্বীয় পদে বহাল থাকবেন।

# বাংলাদেশের বিচার বিভাগ

❑ সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিল যাদের অপসারণ করতে পারে:

(১) সুপ্রিম কোর্টের বিচারক

(২) নির্বাচন কমিশনার

(৩) মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক

(৪) পিএসসি'র চেয়ারম্যান ও সদস্য

# বিচার বিভাগ

## ❑ সুপ্রিম কোর্টের অন্যান্য কার্যাবলি

**সুপ্রিম কোর্টের অন্যান্য কার্যাবলি**

- বিধি (Rules) প্রণয়ন ক্ষমতা (অনুচ্ছেদ-১০৭)
- কোর্ট অব রেকর্ড (অনুচ্ছেদ-১০৮)
- তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ ক্ষমতা (অনুচ্ছেদ-১০৯)
- •নিয়োগ সংক্রান্ত ক্ষমতা (অনুচ্ছেদ -১১৩ (১))
- •কর্মের শর্তাবলি নির্ধারণ (অনুচ্ছেদ-১১৩ (২))

# বিচার বিভাগ

## ❑ নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথকীকরণ (অনুচ্ছেদ ২২)

✓ ১৯ নভেম্বর, ১৯৯৫ সালে নির্বাহী বিভাগ হতে বিচার বিভাগ পৃথকীকরণের ব্যাপারে মামলা হয়।

✓ মামলাটির নাম ছিলো 'মাসদার হোসেন বনাম বাংলাদেশ'।

✓ ০১ নভেম্বর, ২০০৭ স্বাধীন বিচার বিভাগের যাত্রা শুরু হয়।

## ❑ গ্রাম আদালত

✓ 'গ্রাম আদালত অধ্যাদেশ, ১৯৯৬' এর আওতায় গঠিত হয় গ্রাম আদালত।


✓ বাংলাদেশের বিচার ব্যবস্থার সর্বনিম্ন স্তর হচ্ছে এটি।

✓ 'গ্রাম আদালত আইন, ২০০৬' এর ৫ ধারা অনুযায়ী একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং উভয়পক্ষ থেকে দুই জন, যাদের মধ্যে একজন সদস্যকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সদস্য হতে হয়।

✓ গ্রাম আদালতে ফৌজদারি অপরাধসমূহের ক্ষেত্রে কোনো ব্যক্তিকে অনধিক পঁচিশ হাজার টাকা ক্ষতিপূরণের আদেশ দিতে পারে।

21, 1971 (27)

| বাংলাদেশের প্রতিরক্ষা ও সশস্ত্র বাহিনী (তিন বাহিনীর প্রধানগণ) | | |
|---|---|---|
| বাহিনী | প্রথম প্রধান | বর্তমান প্রধান |
| সেনাবাহিনী | জেনারেল এমএজি ওসমানী (১২ এপ্রিল, ১৯৭১- ৬ এপ্রিল, ১৯৭২) | জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ (১৮তম)। (২৪ জুন ২০২১ - বর্তমান) |
| নৌবাহিনী | ক্যাপ্টেন নুরুল হক (৬ নভেম্বর, ১৯৭৩) | এডমিরাল মোহাম্মদ নাজমুল হোসেন (১৭তম)। (২৪ জুলাই ২০২৩ - বর্তমান) |
| বিমানবাহিনী | এয়ারভাইস মার্শাল আব্দুল করিম খন্দকার (৭ এপ্রিল, ১৯৭২-১৫ অক্টোবর, ১৯৭৫) | এয়ার চিফ মার্শাল শেখ আব্দুল হান্নান (১৬তম)। (১২ জুন ২০২১ - বর্তমান) |



EPR
BR
BDR
BGB
AD
9
DD
OC
2A
I/OC
Code
ASP
SrASP
AddlSP
SP
AD.DIG
DIG
IGP
ACP
ADC
DCP
DMD
DMP
DIG
DIG

# POLL QUESTION-03

➲ ‘মুসলিম পারিবারিক আইন’ প্রণীত হয় কত সালে?

(a) ১৯৮০

(b) ১৯৬১

(c) ১৯৭২

(d) ১৯৫৩

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➢ **ঢাকা সিটি কর্পোরেশনের প্রথম নির্বাচিত মেয়র কে ছিলেন?** [৪৩তম বিসিএস]

(ক) আনিসুল হক (খ) সাঈদ খোকন (গ) সাদেক হোসেন খোকা (ঘ) মোহাম্মদ হানিফ

➢ **কোনটি সাংবিধানিক পদ নয়?** [৪৩তম বিসিএস]

(ক) প্রধান নির্বাচন কমিশনার (খ) চেয়ারম্যান, পাবলিক সার্ভিস কমিশন

(গ) চেয়ারম্যান, মানবাধিকার কমিশন (ঘ) কনট্রোলার ও অডিটর জেনারেল

➢ **একনেক (ECNEC)-এর প্রধান কে?** [৪৩তম বিসিএস]

(ক) প্রধানমন্ত্রী (খ) অর্থমন্ত্রী (গ) বাণিজ্যমন্ত্রী (ঘ) পরিকল্পনা মন্ত্রী

➢ **বাংলাদেশে ভোটার হওয়ার সর্বনিম্ন বয়স কত?** [৪৩তম বিসিএস]

(ক) ১৮ (খ) ১৯ (গ) ২০ (ঘ) ২১

➢ **বাংলাদেশের প্রধান আইন কর্মকর্তা হলেন-** [৪৩তম বিসিএস]

(ক) আইনমন্ত্রী (খ) আইন সচিব (গ) অ্যাটর্নি জেনারেল (ঘ) প্রধান বিচারপতি

➢ **বাংলাদেশের প্রধানমন্ত্রী হবার ন্যূনতম বয়স কত?** [৩৯তম, ১৮তম বিসিএস]

(ক) ৩৫ বছর (খ) ২৫ বছর (গ) ২০ বছর (ঘ) ৩০ বছর

# বিগত বছরের বিসিএস পরীক্ষার প্রশ্নসমূহ

➢ আইন প্রণয়নের ক্ষমতা– [৩৮তম বিসিএস]

(ক) আইন মন্ত্রণালয়ের (খ) রাষ্ট্রপতির (গ) স্পিকারের (ঘ) জাতীয় সংসদের

➢ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি পদে নির্বাচিত হবার ন্যূনতম বয়স– [৩৮তম বিসিএস]

(ক) ৩০ বছর (খ) ৩৫ বছর (গ) ৪০ বছর (ঘ) ৪৫ বছর

➢ কোনটি স্থানীয় সরকার নয়? [৩৮তম বিসিএস]

(ক) পৌরসভা (খ) পল্লী বিদ্যুৎ (গ) সিটি কর্পোরেশন (ঘ) উপজেলা পরিষদ

➢ মাত্র ১টি সংসদীয় আসন– [৩৭তম বিসিএস]

(ক) লক্ষ্মীপুর জেলায় (খ) মেহেরপুর জেলায় (গ) ঝালকাঠী জেলায় (ঘ) রাঙ্গামাটি জেলায়

➢ জাতীয় সংসদে কাউন্টিং ভোট কি? [৩৭তম বিসিএস]

(ক) সংসদ নেতার ভোট (খ) হুইপের ভোট (গ) স্পিকারের ভোট (ঘ) রাষ্ট্রপতির ভোট

➢ NILG এর পূর্ণরূপ– [৩৭তম বিসিএস]

(ক) National Information Legal Guide (খ) National Institute of Local Government

(গ) National Identity Licence Guide (ঘ) National Industrial League Group

# BCS কঠিন নয়;
# প্রস্তুতি যদি গোছানো হয়

Facebook Page
https://www.facebook.com/uttoronacademy

Facebook Group (BCS উত্তরণ)
https://www.facebook.com/groups/www.uttoron.academy

YouTube Channel
https://www.youtube.com/c/Uttoron

উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

BCS অনলাইন ও অফলাইনের সমন্বয়ে গোছানো প্রস্তুতি
(https://www.youtube.com/watch?v=MFKW8FSNnP0)

একটি উচ্ছ্বাস-উন্মেষ প্রতিষ্ঠান

09666775566
www.uttoron.academy